যে ব্যক্তি আল্লাহর পথে জিহাদ করলো না, অথবা কোনো মুজাহিদকে (যুদ্ধ-সরঞ্জাম দিয়ে যুদ্ধের জন্য) প্রস্তুত করলো না কিংবা মুজাহিদদের গৃহবাসীদের ভালোভাবে তত্ত্বাবধান করার জন্য তার প্রতিনিধিত্ব করল না, আল্লাহ তাকে কিয়ামতের দিনের পূর্বেই কোনো বিপদ বা দুর্ঘটনায় আক্রান্ত করবেন।”

আবূ উমামাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর পথে জিহাদ করলো না অথবা কোনো মুজাহিদকে (যুদ্ধ-
সরঞ্জাম দিয়ে যুদ্ধের জন্য) প্রস্তুত করলো না কিংবা মুজাহিদদের গৃহবাসীদের
ভালোভাবে তত্ত্বাবধান করার জন্য তার প্রতিনিধিত্ব করলো না, আল্লাহ তাকে কিয়ামতের দিনের পূর্বেই কোনো বিপদ বা দুর্ঘটনায় আক্রান্ত করবেন।” [হাসান] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

হাদীসটিতে জিহাদে অংশ গ্রহণের ওপর উৎসাহ প্রদান করা হয়েছে এবং আখিরাতের পূর্বে দুনিয়াতেই আল্লাহর পক্ষ থেকে যারা আল্লাহর রাস্তায় জিহাদ করা ছেড়ে দেয়, সম্পদ দিয়ে মুজাহিদদের সহযোগিতা করা ছেড়ে দেয় অথবা তাদের পরিবার-পরিজনকে দেখাশুনার বিষয়ে সহযোগিতা এবং তাদের যাবার পরে তাদের হিফাযত করা ছেড়ে দেয়, তাদের জন্য কঠিন শাস্তির কথা বর্ণনা করা হয়েছে। যে ব্যক্তি এ সব কর্মগুলো সম্পাদন করা ছেড়ে দেবে, সে আল্লাহর দীনের সাহায্য করার বিষয়ে ত্রুটি করার কারণে বড় ধরনের মুসিবতে আক্রান্ত হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/6403